

## আয়োজনে এইচআর ও এইচআরসি গ্রুপ সিলেটে আন্তর্জাতিক স্কলারশিপ পরীক্ষা অনুষ্ঠিত

### সিলেট অফিস

বুটেন ভিত্তিক আন্তর্জাতিক মানব অধিকার সংস্থা অ্যাসোসিয়েশন ফর হিউম্যান রাইটস (এইচআর-ইউকে) এবং বাংলাদেশের এইচআরসি গ্রুপের উদ্যোগে আন্তর্জাতিক স্কলারশিপ পরীক্ষা গতকাল অনুষ্ঠিত হয়েছে। সিলেট শহরের মদনমোহন কলেজ ক্যাম্পাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ৫০০ এর বেশি পরীক্ষার্থী অংশ নেয়।

পরীক্ষা শুরু হওয়ার পর পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন এইচআর-ইউকের জেনারেল সেক্রেটারি ড. কামরুল আহসান, লন্ডন স্কুল অফ বিজনেসের (এলএসবি) ডিরেক্টর স্টাভিজ ড. স্যামুয়েল গডি, এলএসবির সার্ক রিজিওন চিফ জেড এম এ মামুন, মদনমোহন কলেজের প্রিন্সিপাল প্রফেসর ড. আতাউর রহমান পীর, ম্যাজিস্ট্রেট শামসুল ইসলাম, এলএসবির সিলেট রিজিওন চিফ এস এম সুমন প্রমুখ। বিকাল ৩টায় শুরু হওয়া লিখিত পরীক্ষা বিকাল সাড়ে ৪টা পর্যন্ত চলে। গত রাত ৮টা পর্যন্ত পোস্ট গ্রাজুয়েট কোর্সের পরীক্ষার্থীদের ভাইজা নেয়া হয়। আজ আভার গ্রাজুয়েট কোর্সের পরীক্ষার্থীদের ভাইজা নেয়া হবে।

প্রসঙ্গত, এ স্কলারশিপের আওতায় বাংলাদেশের ১৫০ শিক্ষার্থীর টিউশন ফি ওপর শতভাগ পর্যন্ত স্কলারশিপ দেয়া হবে। শিক্ষার্থীদের অবশিষ্ট টিউশন ফি এবং থাকা-খাওয়ার জন্য এইচআরসি গ্রুপের ওয়ান ব্যাংক সহায় শর্তে শিক্ষা ঋণ দেবে।